# 51

ভোরের কাগজ

তারিখ ... 2.2..06.. 1998 ...
পৃষ্ঠা: ১০ কলাম .. ৪ ......

## আ. লীগ নেতাকে তেজগাঁও কলেজের অধ্যক্ষ নিয়োগ করার প্রতিবাদ

তেঁগাও কলেজের অধ্যাপক মনিরুল ইসলাম, অধ্যাপক আহমেদ ফারুক, অধ্যাপক আবদুল বাকীসহ ২০ জন অধ্যাপক এক যুক্ত বিবৃতিতে কলেজের একজন জুনিয়র অধ্যাপক ও জামালপুর জেলা আওয়ামী লীগ নেতা আবদুর রশীদকে প্রতিষ্ঠানের অধ্যক্ষ নিয়োগের প্রতিবাদ জানিয়েছেন। তারা বলেছেন, একজন জুনিয়র অধ্যাপককে অধ্যক্ষ নিয়োগ করায় কলেজের সুনাম ক্ষুণ্ন হয়েছে। তারা অধ্যাপক আব্দুর রশিদের অধ্যক্ষ পদ বাতিল করে এই পদে একজন সিনিয়র অধ্যাপক বা অধ্যাপিকাকে নিয়োগের দাবি জানিয়েছেন।

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল তেজগাঁও কলেজ শাখা এবং কলেজ ছাত্রসংসদের সাবেক সহসভাপতি ও অন্য ছাত্রনেতারা পৃথক পৃথক বিবৃতিতে অধ্যাপক আবদুর রশিদের এই নিয়োগের প্রতিবাদ জানিয়েছেন। বিবৃতিতে তারা ষড়যন্ত্রের মাধ্যমে একজন আওয়ামী লীগ নেতাকে কলেজের অধ্যাপক নিয়োগ প্রত্যাহারের দাবি জানিয়েছেন। তারা এ নিয়োগের প্রতিবাদে কর্মসূচি ঘোষণা করবে বলে বিবৃতিতে বলা হয়। বিজ্ঞপ্তি।